



কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বে বন্ধু

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

কম্যপ্রমাসবি-পরিপত্র নং-০১/২০১৮

তারিখ: ২০.০২.২০১৮

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/
শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক

বিষয়: কর্মসংস্থান ব্যাংকে চাকুরীরত এবং পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীদের গৃহ নির্মাণ, কম্পিউটার ও মটর সাইকেল ঋণের সুদ মওকুফ সংক্রান্ত নীতিমালা।

প্রিয় মহোদয়,

কর্মসংস্থান ব্যাংকের কর্মচারীদের অনুকূলে গৃহ নির্মাণ, কম্পিউটার ও মটর সাইকেল ঋণ সুবিধা প্রদান করা হচ্ছে। কোনো কর্মচারী চাকুরীরত এবং পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করলে উত্তরাধীকারীগণ/অক্ষম কর্মচারী আর্থিক সংকটসহ বিভিন্ন সমস্যার সম্মুখীন হন। তাদের আর্থিক অস্বচ্ছলতার কারণে গৃহীত ঋণসমূহ পরিশোধ করতে অসমর্থ হন। উক্ত সমস্যা নিরসনকল্পে কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৯.০১.২০১৮ তারিখ অনুষ্ঠিত ২৫৭ তম সভায় প্রস্তাব উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক উহা অনুমোদিত হয়। পরিচালনা বোর্ডের অনুমোদন অনুযায়ী ব্যাংকে চাকুরীরত এবং পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীদের গৃহ নির্মাণ, কম্পিউটার ও মটর সাইকেল ঋণের সুদ মওকুফ সংক্রান্ত নিম্নোক্ত নীতিমালা জারী করা হলো :

২.০১ এ নীতিমালার আওতায় কর্মসংস্থান ব্যাংকে স্থায়ী চাকুরীরত এবং পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীদের গৃহ নির্মাণ, কম্পিউটার ও মটর সাইকেল ঋণের সুদ মওকুফের বিষয় বিবেচিত হবে।

৩.০১ ঋণের সুদ মওকুফের প্রস্তাব পেশকরণ সংক্রান্ত নির্ধারিত ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের সুস্পষ্ট সুপারিশসহ কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগে প্রেরণ করতে হবে (পরিশিষ্ট-ক)।

৪.০১ ঋণের সুদ মওকুফের বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

| ক্র.সং. | ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
|---------|----------------------------------|------------|
| ০১ | ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| ০২ | উপ-ব্যবস্থাপনা পরিচালক | সদস্য |
| ০৩ | মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ | সদস্য |
| ০৪ | মহাব্যবস্থাপক, পরিচালন মহাবিভাগ | সদস্য |
| ০৫ | মহাব্যবস্থাপক, হিসাব মহাবিভাগ | সদস্য |
| ০৬ | মহাব্যবস্থাপক, নিরীক্ষা মহাবিভাগ | সদস্য |
| ০৭ | উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ | সদস্য |
| ০৮ | উপ-মহাব্যবস্থাপক, কব্যপ্রমাসবি | সদস্য সচিব |

উল্লেখ্য, কমিটির সভাপতি অনুপস্থিত থাকলে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভায় সভাপতিত্ব করবেন এবং কমিটির ০৫ জন সদস্য উপস্থিত থাকলে সভার কোরাম পূর্ণ হবে।

৫.০১ আবেদন প্রাপ্যতার সাপেক্ষে উক্ত কমিটি কর্তৃক সভা অনুষ্ঠিত হবে।

চলমান পৃষ্ঠা-০২

